# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৭ বর্ষ ২য় সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ২ ফাল্গুন ১৪২৯, ১৫ ফেব্রুয়ারি ২০২৩

## অমর একুশে উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

যথাযথ ভাবগাম্ভীর্য ও মর্যাদায় সুষ্ঠ, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে অমর একুশে ফেব্রুয়ারি 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে এক প্রস্তুতি সভা গত ২২ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদসহ সিনেট-সিন্ডিকেট সদস্য, রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, প্রক্টর, সহকারী প্রক্টরবৃন্দ, অফিস প্রধানগণ এবং কর্মকর্তা ও কর্মচারী সমিতিসমূহের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভার শুরুতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে মহান ভাষা শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে অমর একুশে উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য উপাচার্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। সভায়, কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের সময় মাস্ক পরিধানের জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

সভায়, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সকল কর্মসূচি সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভুইয়াকে সমন্বয়কারী, সমিতির সহ-সভাপতি অধ্যাপক মো. লুৎফর রহমান ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদাকে যুগ্ম সমন্বয়কারী এবং প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানীকে সদস্য-সচিব করে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। এছাড়া, এ উপলক্ষ্যে বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ১ ফেব্রুয়ারি ২০২৩ অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক ভাষা পদযাত্রা বের করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে বেলুন উড়িয়ে এই ভাষা পদযাত্রার উদ্বোধন করেন।




ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর উদ্যোগে 'বঙ্গমাতা বক্তৃতামালা'র প্রথম বক্তৃতা ৬ ফেব্রুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'বঙ্গমাতা বক্তৃতামালা'র উদ্বোধন করেন।

## 'বঙ্গমাতা বক্তৃতামালা'র উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর উদ্যোগে 'বঙ্গমাতা বক্তৃতামালা'র প্রথম বক্তৃতা গত ৬ ফেব্রুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'বঙ্গমাতা বক্তৃতামালা'র উদ্বোধন করেন।

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে "Gender and Development: Priority Issues for Research in Bangladesh" শীর্ষক বঙ্গমাতা বক্তৃতা প্রদান করেন সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)-এর সম্মানিত ফেলো অধ্যাপক ড. রওনক জাহান। বক্তৃতার উপর আলোচনায় অংশ নেন বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিচ এন্ড লিবার্টি-এর পরিচালক অধ্যাপক ড. ফকরুল আলম। স্বাগত বক্তব্য দেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. তানিয়া হক।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মহীয়সী নারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, নারী অধিকার প্রতিষ্ঠা এবং নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ অনেক এগিয়েছে। কিছু কিছু ক্ষেত্রে আরও উন্নতির সুযোগ রয়েছে। সকল ক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণ করতে হবে। গবেষণার নতুন নতুন ক্ষেত্র চিহ্নিত করে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য তিনি তরুণ গবেষকদের প্রতি আহ্বান জানান।

## তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন



ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'মলিকুলস্ অব লাইফ ফর সাসটেইনাবিলিটি' শীর্ষক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন গত ৩ ফেব্রুয়ারি ২০২৩ উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। বাংলাদেশ সোসাইটি ফর বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি, ঢাবি প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ এবং দিল্লীস্থ সাউথ এশিয়ান ইউনিভার্সিটি যৌথভাবে এই সম্মেলনের আয়োজন করেছে।

অধ্যাপক ড. হাসিনা খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, নিউ দিল্লীর সাউথ এশিয়া ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট অধ্যাপক ড. সেনথিল কুমার ভানুগোপাল, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞানের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. এনামুল হক, বিভাগের অধ্যাপক ড. হোসেন উদ্দিন শেখর এবং অধ্যাপক ড. এ এইচ এম নুরুন নবী।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজিস) অর্জনের জন্য অন্যতম প্রধান উপাদান হচ্ছে মানুষের জীবনমান উন্নয়ন নিশ্চিত করা। বর্তমান যুগ হচ্ছে জীববিজ্ঞানের যুগ। এই আন্তর্জাতিক সম্মেলনের মাধ্যমে তরুণ বিজ্ঞানী, শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা নতুন ধারণা ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে জ্ঞান অর্জন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। মানুষের জীবনমান উন্নয়নে জীববিজ্ঞানের উপর অধিকতর মৌলিক গবেষণা পরিচালনার জন্য জীববিজ্ঞানী, গবেষক, শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান। এই সম্মেলনে দেশ-বিদেশের জীববিজ্ঞানী, গবেষক, শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

## সকল অপশক্তিকে প্রতিহত করে অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে কাজ করতে হবে –উপাচার্য




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সকল অপশক্তিকে সামাজিকভাবে প্রতিহত করে প্রযুক্তি ও জ্ঞাননির্ভর, সমতাভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ১৬ জানুয়ারি ২০২৩ অধ্যাপক মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে সেন্টার ফর সাউথ এশিয়ান স্টাডিজ আয়োজিত 'মুক্তিযুদ্ধের আদর্শ ও সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

সেন্টার ফর সাউথ এশিয়ান স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামীর সভাপতিত্বে সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, বিশিষ্ট সাংবাদিক অজয় দাশগুপ্ত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাংবাদিক মহসীন হাবিব।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, যুগে যুগে এ অঞ্চলে বিভিন্ন সাম্প্রদায়িক অপশক্তির উত্থান ঘটেছিল। তবে সামাজিক প্রতিরোধের মুখে অল্প সময়ের মধ্যেই তারা স্তিমিত হয়ে পড়ে। এসব সাম্প্রদায়িক অপশক্তি এখনও সক্রিয় রয়েছে উল্লেখ করে তিনি বলেন, এদের সম্পর্কে সর্বদা সজাগ থাকতে হবে। উপাচার্য বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন করতে চেয়েছিলেন। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলেছে। বর্তমান সরকারের ধারাবাহিকতা রক্ষার মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

## স্নাতক (সম্মান) শ্রেণির পরিবর্তে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম' নামকরণ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য '১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি' পরিবর্তন করে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম' নামকরণ করা হয়েছে। উন্নত বিশ্বের বিভিন্ন নামকরা বিশ্ববিদ্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে এই নামকরণ করা হয়। এছাড়া, 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তির ক্ষেত্রে বিভিন্ন কোটার সাথে 'ট্রান্সজেন্ডার' কোটা অন্তর্ভুক্ত করা হয়েছে। গত ১২ জানুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত সাধারণ ভর্তি কমিটির সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪টি ইউনিটের মাধ্যমে 'আন্ডার-গ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিটগুলো হচ্ছে- 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট', 'বিজ্ঞান ইউনিট', 'ব্যবসায় শিক্ষা ইউনিট' এবং 'চারুকলা ইউনিট'। আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৩ সোমবার থেকে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তি পরীক্ষার আবেদন গ্রহণ শুরু হবে। আগামী ২০ মার্চ ২০২৩ সোমবার পর্যন্ত আবেদন করা যাবে। আগামী ১৮ এপ্রিল ২০২৩ মঙ্গলবার থেকে সংশ্লিষ্ট ইউনিটের পরীক্ষা শুরুর ১ঘন্টা পূর্ব পর্যন্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

সভায় 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম'-এ ভর্তি পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। সময়সূচি অনুযায়ী 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ০৬ মে ২০২৩ শনিবার, 'বিজ্ঞান ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ১২ মে ২০২৩ শুক্রবার, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা আগামী ১৩ মে ২০২৩ শনিবার এবং 'চারুকলা ইউনিট'-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অংকন) আগামী ২৯ এপ্রিল ২০২৩ শনিবার অনুষ্ঠিত হবে। সকল ইউনিটের পরীক্ষা সকাল ১১:০০টা থেকে দুপুর ১২:৩০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। 'চারুকলা ইউনিট' ব্যতীত অন্য ৩টি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ ৮টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান,(৩য় পৃষ্ঠায় দেখুন)

# হল বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠিত



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে ১২ জানুয়ারি ২০২৩ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৬ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২৩ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে বঙ্গবন্ধু হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২৪ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ১৩ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে জগন্নাথ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ১৭ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ১৮ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় উদ্বোধন করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ১৫ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ১৯ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ২১ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

## শহীদুল্লাহ্ হল

ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় রসায়ন বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী হৃদয় আহম্মেদ চ্যাম্পিয়ন এবং ফলিত গণিত বিভাগের এমএস শ্রেণির শিক্ষার্থী কাজী হাবিব উল্লাহ রানার্স-আপ হয়েছেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১২ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেন উপস্থিত ছিলেন।

## জগন্নাথ হল

জগন্নাথ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ভাস্কর্য বিভাগের স্নাতক (সম্মান) ৩য় বর্ষের শিক্ষার্থী সুপ্রিয় কুমার ঘোষ চ্যাম্পিয়ন এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের এমএস শ্রেণির শিক্ষার্থী সুব্রত পাল রানার্স-আপ হয়েছেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৩ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহা উপস্থিত ছিলেন।

## ফজলুল হক হল

ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পদার্থ বিজ্ঞান বিভাগের মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী আব্দুর রহমান এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী ওমর ফারুক যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, পদার্থ বিজ্ঞান বিভাগের মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী ফয়সাল আহমেদ রানার্স-আপ হয়েছেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. শাহ্ মো. মাসুম উপস্থিত ছিলেন।

## জহুরুল হক হল

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী শাহীন আলম এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মো. আলমগীর হোসেন। এই প্রতিযোগিতায় যৌথভাবে রানার্স-আপ হয়েছেন লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের মাস্টার্সের শিক্ষার্থী সাজিন আহমেদ এবং সমাজবিজ্ঞান বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী তুষার আহমেদ। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল গত ১৫ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রহিম উপস্থিত ছিলেন।

## রোকেয়া হল

রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় উর্দু বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী সাজেদা আক্তার চ্যাম্পিয়ন হয়েছেন। রানার্স-আপ হয়েছেন ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী ইফরিত ফাইজা ইমি। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৬ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা উপস্থিত ছিলেন।

## বিজয় একাত্তর হল

বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আইন বিভাগের মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী বকুল ইসলাম চ্যাম্পিয়ন হয়েছেন। যৌথভাবে রানার্স-আপ হয়েছেন ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী বিল্লাল হোসেন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী আরিফুজ্জামান এবং ইংরেজী বিভাগের ৩য় বর্ষের শিক্ষার্থী রিয়াদ হোসেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৭ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবদুল বাছির উপস্থিত ছিলেন।

## মুহসীন হল

হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মো. আবুল কাসেম চ্যাম্পিয়ন হয়েছেন। রানার্স-আপ হয়েছেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী এস এম হাসান শফি। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গত ১৮ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান উপস্থিত ছিলেন।

## বঙ্গমাতা হল

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী আসপিয়া সরকার শতাব্দী চ্যাম্পিয়ন হয়েছেন। রানার্স-আপ হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী পাপিয়া আকতার টুম্পা। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গত ১৯ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নিলুফার পারভীন উপস্থিত ছিলেন।

## জসীম উদ্‌দীন হল

কবি জসীম উদ্‌দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মেহেদী হাসান এবং রানার্স-আপ হয়েছেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী ফাহিমুর রহমান। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল গত ২০ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ উপস্থিত ছিলেন।

## এ এফ রহমান হল

স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মোহাম্মদ বোরহান উদ্দীন। যৌথভাবে রানার্স-আপ হয়েছেন ইসলামিক স্টাডিজ বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী মো. জাকির হোসেন এবং পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী মো. নজিবুল ইসলাম। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গত ২১ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান উপস্থিত ছিলেন।

## জিয়া হল

মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী খোরশেদ। এই প্রতিযোগিতায় যৌথভাবে রানার্স-আপ হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মো. হাছিবুল বাশার এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের স্নাতক (সম্মান) ২য় বর্ষের শিক্ষার্থী হোসেন এয়াছিন আরাফাত। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ গত ২২ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ বিল্লাল হোসেন উপস্থিত ছিলেন।

## বঙ্গবন্ধু হল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী জিলানুর রশিদ এবং দর্শন বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মো. রামু বাবু। যৌথভাবে রানার্স-আপ হয়েছেন অর্থনীতি বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী মো. জান্নাতুন নাঈম এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী ওয়াজেদুর রহমান। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৩ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আকরাম হোসেন উপস্থিত ছিলেন।

## মৈত্রী হল

বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন ক্রিমিনোলজি বিভাগের স্নাতক (সম্মান) ৩য় বর্ষের শিক্ষার্থী রিনা খাতুন এবং রানার্স-আপ হয়েছেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষের শিক্ষার্থী ফাতেমা খাতুন। প্রতিযোগিতা শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৪ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এর আগে সকালে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাজমুন নাহার উপস্থিত ছিলেন।



প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ১৪ জানুয়ারি ২০২৩ বিশ্ববিদ্যালয়ের জিমনেশিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আন্তঃহল ব্যাডমিন্টন ও টেবিল টেনিস প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



[redacted]



কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ ২০ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে কবি জসীম উদ্‌দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ ২২ জানুয়ারি ২০২৩ প্রধান অতিথি হিসেবে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

## জাপানি অধ্যাপক

জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কিচি ওগায়া গত ১৬ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, ছাত্র ও গবেষক বিনিময় নিয়েও তাঁরা ফলপ্রসু মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগ ও আধুনিক ভাষা ইনস্টিটিউটে জাপানের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য ও ভাষা শিক্ষা কার্যক্রম পরিচালনায় অব্যাহত সহযোগিতার জন্য জাপান সরকারের ভূয়সী প্রশংসা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য জাপানি অধ্যাপক ড. কিচি ওগায়াকে আন্তরিক ধন্যবাদ জানান।

## আইএমএফ-এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

বাংলাদেশে সফররত আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর অ্যান্তইনেত মনসিও সায়েহ গত ১৭ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টরকে অবহিত করেন। দেশের সর্ববৃহৎ এই পাবলিক বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ সরকারি অর্থায়নে পরিচালিত হয় বলেও তিনি জানান।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর বলেন, সরকারি অর্থায়নে পরিচালিত এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ে বিপুল সংখ্যক শিক্ষার্থী আবাসিক সুবিধাসহ উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছে, যা খুবই প্রশংসনীয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য আইএমএফ-এর ডেপুটি ম্যানেজিং ডিরেক্টরকে আন্তরিক ধন্যবাদ জানান।

## এশিয়া ফাউন্ডেশন প্রতিনিধিদল

দি এশিয়া ফাউন্ডেশনের প্রেসিডেন্ট লরেল ই মিলার-এর নেতৃত্বে ১৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৫ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে প্রতিনিধিদলের সদস্যদের অবহিত করেন। তিনি বলেন, দেশের সর্ববৃহৎ ও প্রাচীন এই বিশ্ববিদ্যালয় আমাদের মহান মুক্তিযুদ্ধ এবং ঐতিহাসিক ভাষা আন্দোলনে অগ্রণী ভূমিকা পালন করে। যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয় ইতোমধ্যেই প্রায় ৪৩'টি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বলে তিনি উল্লেখ করেন।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

## ইরানের রাষ্ট্রদূত

বাংলাদেশে নবনিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মানসুর চাভোশি গত ২৯ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। ঢাকাস্থ ইরান দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি জাভেদ আশকারী এসময় তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করাসহ বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইরানের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে আরও বেশি শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর তারা গুরুত্বারোপ করেন।

উপাচার্য বলেন, শিক্ষা, গবেষণা, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসা-বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ এবং ইরানের মধ্যে চমৎকার ঐতিহাসিক সম্পর্ক বিরাজ করছে। এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

রাষ্ট্রদূত ইরানের বিভিন্ন বিশ্ববিদ্যালয় পরিদর্শনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে আমন্ত্রণ জানান। এছাড়া, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আরও বেশি ইরানের ভিজিটিং প্রফেসর নিয়োগের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান।

## কোইকা কান্ট্রি ডিরেক্টর

কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা)-এর বিদায়ী কান্ট্রি ডিরেক্টর দো-ইয়ংআ গত ২ ফেব্রুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্টারপ্রিনিউরশিপ সেন্টারের ভাইস-চেয়ারম্যান অধ্যাপক ড. খন্দকার বজলুল হক এবং নির্বাহী পরিচালক সহযোগী অধ্যাপক মো: রাশেদুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা কোইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান 'Capacity Building of Universities in Bangladesh to Promote Youth Entrepreneurship' শীর্ষক পাইলট প্রকল্পের সার্বিক উন্নয়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশে সফলভাবে কার্যকাল শেষ করায় কোইকা'র বিদায়ী কান্ট্রি ডিরেক্টরকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ এবং কোরিয়ার মধ্যে বিরাজমান দ্বি-পাক্ষিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কোইকা'র আর্থিক সহযোগিতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কোইকা'র বিদায়ী কান্ট্রি ডিরেক্টর দো-ইয়ংআ বাংলাদেশে দায়িত্ব পালনকালে সার্বিক সহযোগিতার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ধন্যবাদ জানান।



বাংলাদেশে সফররত আন্তর্জাতিক মুদ্রা তহবিলের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর অ্যান্তইনেত মনসিও সায়েহ গত ১৭ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।




বাংলাদেশে নবনিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মানসুর চাভোশি গত ২৯ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



দি এশিয়া ফাউন্ডেশনের প্রেসিডেন্ট লরেল ই মিলার এর নেতৃত্বে ১৬-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৫ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।




কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র বিদায়ী কান্ট্রি ডিরেক্টর দো-ইয়ংআ গত ২ ফেব্রুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কিচি ওগায়া গত ১৬ জানুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# 'Japanology in New Era' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন




ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগ এবং জাপান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে 'Japanology in New Era' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক হাইব্রিড সম্মেলন গত ১৪-১৫ জানুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন প্রধান অতিথি এবং জাপানের রাষ্ট্রদূত মি. ইওয়ামা কিমিনোরি ও জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সাহাবুদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। জাপান ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মি. হিদেকি হারা, ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান ও জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কিচি ওগাওয়া সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাত ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগের চেয়ারম্যান ড. আব্দুল্লাহ-আল-মামুন স্বাগত বক্তব্য দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশ এবং জাপানের মধ্যে দীর্ঘদিন যাবৎ চমৎকার দ্বি-পাক্ষিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় জাপানিজ স্টাডিজ বিভাগ এই সম্পর্ক উন্নয়নে অসাধারণ ভূমিকা রেখে চলেছে। এই দু'দেশের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার করার লক্ষ্যে তিনি দু'দেশের মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন।

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জাপানকে বাংলাদেশের অন্যতম বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ হিসেবে উল্লেখ করে বলেন, শিক্ষা, শিল্প ও সাংস্কৃতিক বিনিময় এবং মানুষের পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে দু'দেশের এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করতে হবে।

এই আন্তর্জাতিক হাইব্রিড সম্মেলন গত ১৫ জানুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সমাপ্ত হয়েছে। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বাংলাদেশ, জাপান, যুক্তরাষ্ট্র, ভারত, থাইল্যান্ড, মিয়ানমার এবং চীনসহ ১৪টি দেশের শিক্ষাবিদ ও বিশেষজ্ঞগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

# স্নাতক (সম্মান) শ্রেণির পরিবর্তে 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম' নামকরণ

(১ম পৃষ্ঠার পর) বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নম্বরের MCQ এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। শুধুমাত্র চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নম্বরের MCQ এবং ৬০ নম্বরের অংকন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। চারুকলা ইউনিটের MCQ পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ইউনিটের MCQ পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ণ করা হবে। এরমধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ এবং মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের উপর থাকবে ২০ নম্বর।

ভর্তিচ্ছু আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা হিসেবে ২০১৭ থেকে ২০২০ সন পর্যন্ত মাধ্যমিক/সমমান এবং ২০২২ সনের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) 'বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮ এবং আলাদাভাবে জিপিএ ৩.৫, 'কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০, 'ব্যবসায় শিক্ষা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ এবং 'চারুকলা ইউনিট'-এর জন্য জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদাভাবে জিপিএ ৩.০ থাকতে হবে।

# বর্ণাঢ্য আয়োজনে সরস্বতী পূজা উদ্‌যাপিত



ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য আয়োজনে গত ২৬ জানুয়ারি ২০২৩ সরস্বতী পূজা উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জগন্নাথ হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, রোকেয়া হল, শামসুন নাহার হল, বাংলাদেশ কুয়েত মৈত্রী হল এবং কবি সুফিয়া কামাল হলের পূজামণ্ডপ পরিদর্শন করেন। এসময় স্ব স্ব হলের প্রাধ্যক্ষসহ আবাসিক শিক্ষক, শিক্ষার্থী ও অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সরস্বতী পূজা উপলক্ষ্যে হিন্দু ধর্মাবলম্বীসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি বলেন, সরস্বতী বিদ্যা, জ্ঞান ও সুরের দেবী। হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব হচ্ছে সরস্বতী পূজা। বিদ্যা দেবীর আরাধনার মাধ্যমে অকল্যাণ ও অশুভ শক্তির বিনাশ হবে এবং মানুষের মাঝে সৃজনশীলতার বিকাশ ঘটবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ ধারণ করে সকল ধর্ম ও মতের প্রতি শ্রদ্ধাশীল থেকে সত্য, সুন্দর, সৌহার্দ্য, সম্প্রীতি ও জ্ঞানের আলোয় আলোকিত হওয়ার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

# বাংলার রুমি ট্রাস্ট ফান্ড গঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় ফারসি ভাষা ও সাহিত্য বিভাগে 'বাংলার রুমি ট্রাস্ট ফান্ড' শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড গঠন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ট্রাস্ট ফান্ড গঠন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে ট্রেড সার্ভিস ইন্টারন্যাশনাল-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহমুদুল হক ১০ লাখ টাকার একটি চেক গত ১১ জানুয়ারি ২০২৩ কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ বাহাউদ্দিন ও আল্লামা রুমি সোসাইটি বাংলাদেশের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের বি.এ (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত ১ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। শিক্ষার্থীদের অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধে জাগ্রত করার ক্ষেত্রে এই ট্রাস্ট ফান্ড গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

# কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের সঙ্গে দু'টি চুক্তি স্বাক্ষরিত



ঢাকা বিশ্ববিদ্যালয় কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের সঙ্গে যুক্তরাজ্যের CLEFT এবং শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট-এর পৃথক দু'টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ৩০ জানুয়ারি ২০২৩ অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত ঠোঁট ও তালুকাটা শিশুদের স্পিচ থেরাপি বিষয়ে 'ক্লিফট স্পিচ' শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনারে এসব চুক্তি স্বাক্ষরিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের চেয়ারপার্সন তাওহিদা জাহান এবং যুক্তরাজ্যের CLEFT-এর চেয়ারম্যান ও বিশিষ্ট প্লাস্টিক সার্জন ব্রিয়ান সোমারল্যান্ড নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অপর চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের চেয়ারপার্সন তাওহিদা জাহান এবং শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট-এর পরিচালক অধ্যাপক ডা. মো. আবুল কালাম। সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান এবং শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট-এর প্রধান সমন্বয়ক সামন্ত লাল সেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এই চুক্তি স্বাক্ষর এবং এ উপলক্ষ্যে সেমিনার আয়োজন করায় উভয় প্রতিষ্ঠানকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় কমিউনিকেশন ডিজঅর্ডারস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপকৃত হবে এবং তাদের জ্ঞানের জগৎ আরও সমৃদ্ধ হবে।

# বঙ্গবন্ধুর শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১১ জানুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের তত্ত্বাবধানে এই চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠান সঞ্চালন করেন রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিশু-কিশোরদের অনেক ভালোবাসতেন এবং অনুপ্রেরণা দিতেন। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে শিশু-কিশোররা জাতির পিতার জীবন ও কর্ম, মহান ভাষা আন্দোলন ও মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। এই চিত্রাঙ্কন প্রতিযোগিতা শিশু-কিশোরদের সৃজনশীল মেধার বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করে শিশুদের



মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে উপাচার্য অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, গত ১৫ আগস্ট ২০২২ ছাত্র-শিক্ষক কেন্দ্রে এই শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মোট তিনটি গ্রুপে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রত্যেক গ্রুপের সেরা ১০জন করে মোট ৩০জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হয়।

# জীববিজ্ঞান অনুষদের ডিনস্ অ্যাওয়ার্ড পেলেন ৬৭জন শিক্ষার্থী

২০১৯ এবং ২০২০ সালের স্নাতক (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৬৭জন মেধাবী শিক্ষার্থীকে 'ডিনস্ অ্যাওয়ার্ড' প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৮ ফেব্রুয়ারি ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। বিভিন্ন বিভাগের চেয়ারপার্সন অ্যাওয়ার্ডপ্রাপ্তদের নাম ঘোষণা করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. হারুনর রশীদ খান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করতে জীববিজ্ঞানের বিভিন্ন শাখায় মৌলিক গবেষণা পরিচালনা করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান




শিক্ষার্থীদের হাতে এই অ্যাওয়ার্ড তুলে দেন।

জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে জানান। তিনি বলেন, দেশে সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে শিক্ষার্থীদের কার্যকর ভূমিকা পালন করতে হবে। ডিনস্ অ্যাওয়ার্ডপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে উপাচার্য বলেন, একাডেমিক উৎকর্ষতার সঙ্গে অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধের সংমিশ্রণ ঘটিয়ে শিক্ষার্থীদের ভালো মানুষ হিসেবে গড়ে উঠতে হবে।

# অধ্যাপক আবদুল মুকতাদির ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৬ শিক্ষার্থী

পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের ৬ জন মেধাবী শিক্ষার্থীকে 'অধ্যাপক আবদুল মুকতাদির ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন মো. রাশেদ আলম, কামরুন নাহার রাবু, সুপথ জেভিয়ার বেসরা, সাইফুল ইসলাম, মো. শামসুল হক ড্যানি এবং ইলনাজ ফারগুল চৌধুরী। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য



অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৫ ফেব্রুয়ারি ২০২৩ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক বিতরণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুল এহছানসহ কয়েকজন শিক্ষক ও দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক আবদুল মুকতাদির-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, দেশের শিক্ষা ও গবেষণার উন্নয়নে তিনি অনন্য অবদান রেখে গেছেন। প্রয়াত অধ্যাপক আবদুল মুকতাদির-এর আদর্শ অনুসরণ করে যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ),** প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মোঃ আবু বকর সিদ্দিক ও শুভাশীষ রঞ্জন সরকার, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫